গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ই-মেইল : mds@jbc.gov.bd , ওয়েব সাইট : www.jbc.gov.bd

স্মারক নং: ৫৩.১৯.০০০০.৫০৪.৪২.০০০.২৬- ৫১ তারিখ: ২৬.০৭.২০২৬খ্রিঃ

**বিষয়: সহযোগী বীমা সুবিধা (Rider) প্রদান সংক্রান্ত নির্দেশনা।**

জীবন বীমার মাধ্যমে দেশের জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কর্পোরেশনের বিভিন্ন জীবন বীমা পরিকল্পনার আওতায় সহযোগী বীমা সুবিধা (Rider): Health Insurance, Major Diseases এবং Waiver of Premium চালু রয়েছে। সম্প্রতি পূর্ব থেকে বিদ্যমান (Pre-existing) রোগ এবং স্বাস্থ্য বীমার শর্তাবলির আওতাবহির্ভূত দাবির কারণে সহযোগী বীমা সুবিধা সংক্রান্ত বিভিন্ন দাবি প্রত্যাখ্যাত হওয়ায় এ বিষয়ে একটি অভিন্ন ও কার্যকর নীতিমালা অনুসরণ করা প্রয়োজন।

২.০ এমতাবস্থায়, সহযোগী বীমা সুবিধা (Rider) প্রদান ও গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল রিজিওনাল অফিস, কর্পোরেট সেবা দপ্তর, সেলস অফিস ও শাখা অফিসকে অবহিত করা হলো:

১। প্রস্তাব গ্রহণের তারিখে সুস্থ, স্বাভাবিক ও কর্মক্ষম ব্যক্তির ক্ষেত্রেই সহযোগী বীমা সুবিধা প্রদান করতে হবে।

২। পূর্ব থেকে বিদ্যমান (Pre-existing) কোনো গুরুতর রোগে আক্রান্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট সহযোগী বীমা সুবিধা প্রদান করা যাবে না।

৩। সহযোগী বীমা সুবিধা গ্রহণের ক্ষেত্রে বীমার শর্তানুযায়ী প্রয়োজনীয় সকল মেডিকেল রিপোর্টের পাশাপাশি Blood Report (Lipid Profile এবং Serum Creatinine রিপোর্ট) দাখিল করতে হবে।

৪। স্থায়ী অথবা আংশিক স্থায়ী শারীরিক বা মানসিক অক্ষমতায় আক্রান্ত ব্যক্তির ক্ষেত্রে Waiver of Premium, Major Diseases এবং Health Insurance সুবিধা প্রদান করা যাবে না।

৫। পূর্বে ক্যান্সার, হৃদরোগ, স্ট্রোক, কিডনি বিকলতা, লিভার সিরোসিস, পক্ষাঘাত, Multiple Sclerosis অথবা অন্য কোনো গুরুতর রোগে আক্রান্ত ব্যক্তির ক্ষেত্রে Major Diseases সুবিধা প্রদান করা যাবে না।

৬। যেসব ব্যক্তির হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজন হয়েছে অথবা গত ০২ দুই বছরের মধ্যে কোনো গুরুতর রোগের চিকিৎসা গ্রহণের ইতিহাস রয়েছে, তাদের ক্ষেত্রে প্রয়োজনীয় মেডিকেল মূল্যায়ন ব্যতীত সহযোগী বীমা সুবিধা প্রদান করা যাবে না।

৭। এইচআইভি/এইডস, জন্মগত গুরুতর রোগ, দীর্ঘমেয়াদি জটিল রোগ অথবা জীবনহানিকর রোগে আক্রান্ত ব্যক্তির ক্ষেত্রে সহযোগী বীমা সুবিধা প্রদান করা যাবে না।

৮। প্রস্তাবকের স্বাস্থ্য সংক্রান্ত সকল তথ্য, পূর্ববর্তী রোগের ইতিহাস, চিকিৎসা গ্রহণের বিবরণ এবং চিকিৎসকের পরামর্শ যথাযথভাবে ঘোষণাপত্রে উল্লেখ করা বাধ্যতামূলক।

৯। প্রয়োজনবোধে কর্পোরেশন অতিরিক্ত ডাক্তারি পরীক্ষা, ডায়াগনস্টিক রিপোর্ট, চিকিৎসকের সনদ অথবা অন্যান্য স্বাস্থ্যসংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারবে।

১০। ইচ্ছাকৃতভাবে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য গোপন করা অথবা ভুল কিংবা বিভ্রান্তিকর তথ্য প্রদান করা হলে সংশ্লিষ্ট দাবি (Claim) প্রত্যাখ্যান করা হবে এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

জীবন বীমা কর্পোরেশন-আইসিটি ডিভিশন
এন্ট্রি নং..................... তারিখ:...................
উপস্থাপন করুন/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করুন/
আলোচনা প্রয়োজন/
ডিজিএম/এসএসএ/এসএ/সি. প্রোগ্রামার/ম্যানেজার
জেনারেল ম্যানেজার-আইসিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

# জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ই-মেইল : mds@jbc.gov.bd , ওয়েব সাইট : www.jbc.gov.bd



১১। সহযোগী বীমা সুবিধা শুধুমাত্র মূল জীবন বীমা পলিসির সাথে সংযুক্ত অবস্থায় কার্যকর থাকবে। মূল পলিসি বাতিল, সমর্পণ (Surrender) অথবা ল্যাপস্ হলে সংশ্লিষ্ট সহযোগী বীমা সুবিধাও স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১২। সহযোগী বীমা সুবিধা গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা, পেশাগত ঝুঁকি এবং স্বাস্থ্যগত যোগ্যতার শর্ত পূরণ করতে হবে।

১৩। উচ্চ ঝুঁকিপূর্ণ পেশা, বিপজ্জনক ক্রীড়া অথবা ঝুঁকিপূর্ণ কর্মকাণ্ডে নিয়োজিত ব্যক্তির ক্ষেত্রে সহযোগী বীমা সুবিধা প্রদানযোগ্য হবে না।

১৪। সহযোগী বীমা সুবিধা প্রদানের পূর্বে সহযোগী বীমা সুবিধার শর্তাবলী সঠিকভাবে বীমাগ্রাহককে অবহিত করতে হবে।

(মোঃ লিয়াকত আলী খান)
জেনারেল ম্যানেজার-টি.এ।

ইনচার্জ
আইসিটি ডিভিশন/সকল রিজিওনাল অফিস/
কর্পোরেট অফিস/সেলস অফিস/ শাখা অফিস।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে: (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। ডেপুটি জেনারেল ম্যানেজার-আইসিটিডি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা- (টেকনিক্যাল এফেয়ার্স কর্তৃক জারিকৃত পত্রটি কর্পোরেশনের ফেসবুকে প্রচার ও ওয়েব সাইটে টি.এ ডিভিশন নামে একটি Folder-এ Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২। ডেপুটি জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-টি.এ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। পি এস টু এমডি- এমডি মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। সংশ্লিষ্ট ফাইল।